



সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০১.১৭.০৮৮.১৮.২৩৮

তারিখ: ০২ অক্টোবর, ২০২০ খ্রি.

প্রেস রিলিজ

পাবনা, ০২ অক্টোবর, ২০২০ খ্রি.

আজ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের উদ্যোগে পাবনা সদর উপজেলায় ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার ২৫ জন গণমাধ্যমকর্মীদের নিয়ে Platforms for Dialogue (P4D) প্রকল্পের আওতায় ২ দিনব্যাপী “সুশাসনের জন্য কৌশলগত যোগাযোগ” শীর্ষক অনলাইন কর্মশালা শুরু হয়েছে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক শাহিন ইসলাম, এনডিসি কর্মশালাটি উদ্বোধন করেন। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব কবীর মাহমুদ জেলা প্রশাসক, পাবনা। এছাড়াও আর্মেনিয়া থেকে যুক্ত হন P4D প্রকল্পের টিম লিডার মি. আর্সেন স্টেফেনিয়ন।

P4D (Platforms for Dialogue) প্রকল্পটি ইউরোপীয়ান ইউনিয়ন ও বাংলাদেশ সরকারের যৌথ অর্থায়নে গৃহীত। এই প্রকল্পটির সার্বিক তত্ত্বাবধানে আছে মন্ত্রিপরিষদ বিভাগ, সমন্বয় করছে বৃটিশ কাউন্সিল এবং বাস্তবায়নের দায়িত্ব আছে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (NIMC), বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), বিসিএস এডমিন একাডেমী, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)। P4D প্রকল্পটির মূল উদ্দেশ্য জনগণকে সম্পৃক্ত করে দেশের গণতান্ত্রিক প্রক্রিয়া শক্তিশালী করা ও সরকারি কর্মকাণ্ডে জবাবদিহিতা নিশ্চিত করা।

এই লক্ষ্যে সরকার কর্তৃক গৃহীত ৫টি কৌশলপত্রঃ জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার, সেবাপ্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্বন্ধে গণমাধ্যম কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হবে, যাতে গণমাধ্যমকর্মীগণ জনগণকে তাদের অধিকার সম্বন্ধে সচেতন করতে পারে।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও P4D ফোকাল পয়েন্ট কর্মকর্তা মো. মুনজুরুল আলম কর্মশালায় সঞ্চালকের দায়িত্ব পালন করেন, কর্মশালার সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করেন উপ-পরিচালক (বেতার অনু. প্রশি.) মো. আবুজার গাফফারী, কর্মশালা পরিচালক মোহা. আব্দুস সালাম, প্রোগ্রামার, রিপোর্টার হিসেবে দায়িত্ব পালন করেন গবেষণা কর্মকর্তা মো. ফাইম সিদ্দিকী, কর্মশালা সমন্বয়কের দায়িত্বে ছিলেন সহকারি পরিচালক মো. আব্দুল মান্নান ও সহকারি লাইব্রেরিয়ান কাজী ওমর খৈয়াম। কর্মশালা সহযোগি হিসেবে দায়িত্ব পালন করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের কম্পিউটার অপারেটর জনাব জাকারিয়া।

আবদুল হান্নান

(গণসংযোগ কর্মকর্তা)

ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ:

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মুখ্য বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/এটিএন বাংলা/চ্যানেল আই/একুশেটিভি/এনটিভি/সময়টিভি/দৈনিক ইত্তেফাক/দৈনিক জনকণ্ঠ/দৈনিক প্রথম আলো/দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিকভোরের পাতা/দৈনিকসকালের খবর/দৈনিক ভোরের কাগজ।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। কার্যালয় নথি।